

আইসিটিবি সার্কুলার লেটার নং ০৪/২০২৩

তারিখ : ১০.০৯.২০২৩

বিষয়: “Business Continuity & Disaster Recovery Plan, Version 2.1, September 2021” পরিপালন প্রসঙ্গে।

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ‘ডিজিটাল বাংলাদেশ’ বিনির্মাণের লক্ষ্যে ব্যাংকের গ্রাহকগণকে আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের নিমিত্ত রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের প্রধান কার্যালয়সহ সকল শাখায় (৩৮৩টি শাখা) অনলাইন CBS বাস্তবায়ন করা হয়েছে। বর্তমানে ব্যাংকের প্রধান কার্যালয়সহ সকল শাখায় CBS সফটওয়্যারের মাধ্যমে দৈনন্দিন ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ব্যাংকে অনলাইন CBS এর পাশাপাশি ডিজিটাল ব্যাংকিং সেবা BACPS, EFTN, RTGS, A-Challan, Mobile App, Internet Banking, e-KYC, SMS Banking, NID Verification System ইত্যাদি চালু করা হয়েছে।

০২। দুর্যোগকালীন ব্যাংকিং সেবার ধারাবাহিকতা রক্ষার স্বার্থে রাকাব পরিচালনা পর্ষদের অনুমোদনের প্রেক্ষিতে গাজীপুরস্থ কালিয়াকৈর হাইটেক পার্কে অবস্থিত “Tier-IV National Data Center” এ ব্যাংকের Near Data Center (NDC) স্থাপন সম্পন্ন করা হয়েছে। Near Data Center (NDC) হতে ব্যাংকের সকল শাখায় Physical Connectivity স্থাপন করা হয়েছে। বর্তমানে CBS এর রিয়েল টাইম Database Backup NDC-তে সংরক্ষণ করা হচ্ছে।

০৩। রাকাব পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের প্রেক্ষিতে অনাকাঙ্ক্ষিত ঘটনা, দুর্যোগ, বিপর্যয়কালীন সময়ে ব্যাংকে ব্যাংকিং সেবা প্রদান কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষার জন্য এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে Online Real-Time Core Banking Solution (CBS)-সহ যাবতীয় অটোমেশন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের আইসিটি নিরাপত্তা গাইডলাইনস্ এবং রাকাবের আইসিটি নিরাপত্তা নীতিমালা অনুসারে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের “Business Continuity & Disaster Recovery Plan, Version 2.1, September 2021” প্রণয়ন পূর্বক রাকাব পরিচালনা পর্ষদের ৫৩৯তম সভায় (তারিখ : ০৮.১১.২০২১) সার-সংক্ষেপ উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক সদয় অনুমোদন করা হয়।

০৪। বর্ণিতাবস্থায় ব্যাংকের Online Real-Time Core Banking Solution (CBS)-সহ সকল অটোমেশন কার্যক্রম নিরাপদ ও নিরবচ্ছিন্নভাবে পরিচালনার স্বার্থে “Business Continuity & Disaster Recovery Plan, Version 2.1, September 2021” যথাযথভাবে পরিপালনের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

০৫। “Business Continuity & Disaster Recovery Plan, Version 2.1, September 2021” যথাযথভাবে পরিপালনের নিমিত্ত অনুচ্ছেদ নম্বর 4.3, 6.7, 6.8, 6.9 6.10, 7.1, 7.2, 7.3, 9.4, 9.5 ও Appendix-A অনুসারে সংযুক্তি-১ মোতাবেক উল্লিখিত তথ্যাদি সংগ্রহ পূর্বক পূরণ করে উক্ত নথি গোপনীয়ভাবে নিজ নিজ শাখা/কার্যালয়ে সংরক্ষণসহ আইসিটি বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। একইসাথে উল্লিখিত নথি সময়ে সময়ে হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৬। ইহা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোঃ আবুল কালাম)

উপ-মহাব্যবস্থাপক

সংযুক্তি : ৪৮ (আটচল্লিশ) পাতা।


পাতা নং ১/২

প্রকা/আইসিটিবি-০৩(BCP)/২০২৩-২০২৪/৩২৯(৪৩০)

তারিখ : ১০.০৯.২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/নিঃহিঃআঃ) মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপ-মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগকে মুদ্রিত “Business Continuity & Disaster Recovery Plan, Version 2.1, September 2021” ব্যাংকের সকল দপ্তর/বিভাগ/কার্যালয়/শাখায় এক কপি করে পৌছানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকার, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৮। উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী/ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১০। প্রজেক্ট ডাইরেক্টর, এসইসিপি, সিপিও, রাজশাহী।
- ১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১২। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। অফিস নথি।

 ১০.০৯.২০২৩

(আবু হানিফ)

সিনিয়র সিস্টেম এনালিস্ট (সমব্যা)